



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

সংস্থাপন শাখা

স্মারক নং- ইনোভেশন/১৩০/৪৭

তারিখ : ০২-০১-২০২১ খ্রি.

বিষয় : অনলাইনে এসএসসি ২০২১ এর ফরমপূরণ (ঘরে বসে লিংকের মাধ্যমে) পাইলটিং বাস্তবায়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর অনলাইনে এসএসসি ২০২১ এর ফরমপূরণ (ঘরে বসে লিংকের মাধ্যমে) সংক্রান্ত সেবামূলক কার্যক্রম পাইলটিং বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ প্রদান করা হ'ল।

আপনার বিশ্বস্ত

প্রাপক
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

০২-০১-২০২১ খ্রি.

(প্রফেসর এ এম এইচ আলী আর রেজা)

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন নং-০৪২১-৬৮৬৪৪

e-mail : secretary@ jessoreboard.gov.bd

অনুলিপি প্রদান

বিভাগীয় প্রধান (সকল)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

সেবার নাম : অনলাইনে এসএসসি ২০২১ এর ফরমপূরণ (ঘরে বসে লিংকের মাধ্যমে)

অনলাইন এসএসসি ২০২১ ফরমপূরণ সেবাটি যশোর বোর্ড বিগত ৫ এপ্রিল ২০২১ খ্রি. তারিখে হতে চালু করে। বোর্ডের নোটিশ বোর্ডে নোটিশ করে সেবাটির বিস্তারিত নিয়মাবলী শিক্ষক-শিক্ষার্থীদের জানিয়ে দেয়া হয়। এখন শিক্ষাপ্রতিষ্ঠানের দারস্থ না হয়ে সরাসরি ঘরে বসে শিক্ষার্থী সেবাটি নিতে পারছে এমনকি পেমেন্টও ঘরে বসে করতে পারছে, যেটি পূর্বে শুধু সামগ্রিকভাবে শিক্ষার্থীর হয়ে প্রতিষ্ঠান পেমেন্ট দিতো। ফরম ফিলআপ সেবাটি সম্পূর্ণ অনলাইনে প্রদান করা হয়।

যদি ফরমপূরণ সেবাটি প্রথম চালু করা হয় ২০১২ সালে। যশোর শিক্ষা বোর্ডের বর্তমান চেয়ারম্যান প্রফেসর ড. মোল্লা আমীর হোসেন (তৎকালীন সচিব) এটির উদ্ভোধন করেন তখন সোনালী সেবার মাধ্যমে ফিস গ্রহণ করা হতো। অনলাইন পেমেন্টের বিষয়টি ছিল না। বর্তমানে সম্পূর্ণ নতুন আঞ্জিকে সেবাটিকে চালু করা হয়েছে। কোভিড-১৯ এর প্রভাবে লকডাউনের কথা বিবেচনা করে শিক্ষার্থীরা যাতে ঘরে বসে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফিস জমা দিতে পারছে সেভাবে সেবা সহজিকরণ করে সেবাটি শিক্ষার্থীর দোরগোড়ায় পৌঁছে দেওয়া হয়েছে। যশোর শিক্ষা বোর্ডের এসএসসি ২০২১ এর ফরমপূরণ নতুন এ পদ্ধতিতে প্রথম বাস্তবায়িত করা হয় ২০২১ সালে এপ্রিলে এ উদ্ভোধন করেন মাননীয় শিক্ষা সচিব মো: মাহবুব হোসেন।

সুবিধাসমূহ

- সরকার নির্ধারিত ফি সফটওয়্যারে সন্নিবেশিত করায় অতিরিক্ত ফি আদায়ের দীর্ঘদিনের অভিযোগ নিষ্পত্তি ঘটেছে।
- পরীক্ষার্থী বাদ পড়ার সুযোগ বা অভিযোগ নাই।
- শিক্ষার্থী নিজে তার ফরম ফিলআপ করছে এবং নিশ্চিত হতে পারছে।
- প্রোবাবেল তালিকার স্ট্যাটাস পরিদর্শন করে প্রতিষ্ঠান বুঝতে পারে কতজন শিক্ষার্থী ফরম ফিলআপ সম্পন্ন করেছে এবং কতজন বাকি আছে।
- বিভিন্ন পেমেন্ট গেটওয়ে সন্নিবেশিত করা হয়েছে বিশেষ করে মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ঘরে বসে ফি প্রদানের সুবিধা।

এসএসসি-২০২১ এর ফরম পূরণের নিয়মাবলি

প্রতিষ্ঠান কর্তৃক করণীয়

১. যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করে বামপাশের মেন্যু থেকে “Institute Panel” ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN ও Passwrod দিয়ে লগইন করতে হবে।
২. এরপর বামপাশের মেনুবার থেকে Probable List (SSC-২০২১)→Probable List(SSC ২০২১) মেনুতে ক্লিক করলে সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা প্রদর্শিত হবে।
৩. এরপর প্রদর্শিত সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা থেকে প্রত্যেক পরীক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বর ও পরীক্ষার্থীর কাছে ফরম পূরণ ফি বাদে শিক্ষা প্রতিষ্ঠানের পাওনাদি (সেশন ফি এবং ডিসেম্বর-২০২০ পর্যন্ত বেতন যদি বকেয়া থাকে) এন্ট্রি করে “Update” বাটনে ক্লিক করতে হবে। “Update” বাটনে ক্লিক করলে এন্ট্রিকৃত মোবাইল নম্বরে পরীক্ষার্থীর ফরম পূরণের লিংক, নিবন্ধন নম্বর ও পিন সংবলিত একটি এসএমএম যাবে।

পরীক্ষার্থী কর্তৃক করণীয়

১. পরীক্ষার্থী এসএমএস এর প্রাপ্ত লিংক ভিজিট করে অথবা যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করে বামপাশের মেন্যু থেকে “Formfillup SSC-২০২১” এ ক্লিক করে নিবন্ধন নম্বর ও এসএমএস এ প্রাপ্ত পিন দিয়ে লগইন করতে হবে।
২. পরীক্ষার্থী “পেমেন্ট করুন” বাটনে ক্লিক করে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের (বিকাশ/রকেট/ইউক্যাশ/ভিসাকাড/মাস্টার কার্ড/আমেরিকান এক্সপ্রেস কার্ড/ডিবিবিএল/নেফ্লাস কার্ড/সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার ও সোনালী ব্যাংক কাউন্টার) মাধ্যমে ফরম পূরণের বোর্ড ফি, কেন্দ্র ফি ও শিক্ষা প্রতিষ্ঠানের ফি (সেশন ও বকেয়া বেতন যদি থাকে) পেমেন্ট করবে।

প্রতিষ্ঠান কর্তৃক করণীয়

১. শিক্ষা প্রতিষ্ঠান Institute Panel থেকে “Payment” বাটনে ক্লিক করে ফরম পূরণের বোর্ডের ফি (যে সকল শিক্ষার্থীর ফরম পূরণের ফি দিয়েছে) সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পেমেন্ট করতে হবে। পেমেন্ট সম্পূর্ণ হলে “Final Submit” বাটনে ক্লিক করে ফরম পূরণ সম্পূর্ণ করতে হবে। প্রয়োজনে একাধিকবার Final Submit করা যাবে।
২. ফরম পূরণ সম্পূর্ণ হলে পরীক্ষার্থীর ফাইনাল তালিকা “Final List (SSC ২০২১)” বাটনে ক্লিক করে প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।